গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

# প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এস এম আনছারুজ্জামান<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ১১ এপ্রিল ২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | জুম আইডি : 4016395771 পাসকোড : dpe23 |
| উপস্থিতি | (সভার হাজিরা সংশ্লিষ্ট ছবি পরিশিষ্ট-ক) |

**আলোচ্য বিষয়:**

১। আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর পর্যালোচনা ও ফিডব্যাক;

২। বিবিধ।

সভাপতি ও পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় সকল বিভাগীয় উপপরিচালক ও কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাসময়ে সংযুক্ত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান। সভায় বিভাগীয় উপপরিচালকগণ কর্তৃক প্রেরিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৩) অগ্রগতি উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রম:</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১</td><td>আওতাধীন দপ্তর/সংস্থা এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর পর্যালোচনা ও ফিডব্যাক;</td><td>বিভাগীয় উপপরিচালকগণ যথাসময়ে ৩য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন (জানুয়ারি-মার্চ/২০২৩) প্রেরণ করেছেন মর্মে সভায় অবহিত করা হয়। সভায় সকল বিভাগের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদন মোতাবেক বিভাগ পর্যায়ের যে সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করা হয়নি সেগুলো বাস্তবায়নের নিমিত্ত আলোচনা করা হয়। ৮টি বিভাগের কার্যক্রমগুলো বিশ্লেষণপূর্বক নিম্নে উল্লেখযোগ্য কার্যক্রমগুলো উপস্থাপন করা হলো:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>কার্যক্রম</th><th>অগ্রগতি/নির্দেশনা</th></tr>
<tr><td>ঢাকা</td><td>কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। প্রমানক প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে।</td><td>100% বাস্তবায়িত। ৪র্থ ত্রৈমাসিকের কার্যক্রমগুলো কর্মপরিকল্পনা মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।</td></tr>
</table>
</td><td>বিভাগ পর্যায়ের ৩য় ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার নির্দেশনা মোতাবেক প্রতিবেদন গুলো হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং পরবর্তী ত্রৈমাসিকে মোট অর্জন কলাম যথাযথভাবে পূরণ করে সূচক অনুপাতে নম্বর প্রদান করতে হবে। প্রমাণক গুলো ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>বাস্তবায়ন:<br>উপপরিচালক (সকল)</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| রাজশাহী | ৩য় ত্রৈমাসিকের মোট অর্জন কলামে তথ্য লিপিবদ্ধ করা হয়নি। ১.৩ ক্রমিকে অংশীজনের সাথে সভা করা হয়নি। ৩.১ সেবা গ্রহীতাদের মতামত যাচাই করা হয়নি। প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। | কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রমগুলো ১০০% বাস্তবায়ন করতে হবে। ৪র্থ ত্রৈমাসিকে অসম্পুর্ণ কার্যক্রমগুলো সম্পাদন করে প্রমানকসহ দাখিল করতে হবে। |
| খুলনা | সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে। প্রতিবেদনের কলামে বাস্তবায়িত কার্যক্রমগুলোর তারিখ উল্লেখ করতে হবে। দপ্তর/সংস্থার ছকে তথ্য প্রদান করা হয়েছে। আঞ্চলিক দপ্তরের জন্য নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করা হয়নি। | আঞ্চলিক দপ্তরের জন্য নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। |
| বরিশাল | অংশীজনের সাথে ত্রৈমাসিকে সভা আয়োজন করা হয়নি। অংশীজনের সাথে ৪ জেলায় ৪টি অনলাইন/অফলাইন সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। অন্যান্য কার্যক্রম সন্তোষজনক। | অংশীজনের সাথে ৪ জেলায় ৪টি অনলাইন/অফলাইন সভা আয়োজন করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | রংপুর | সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে। প্রতিবেদনের কলামে বাস্তবায়িত কার্যক্রমগুলোর তারিখ উল্লেখ করা হয়নি। আঞ্চলিক দপ্তরের জন্য নির্ধারিত ছকে তথ্য প্রেরণ না করে দপ্তর/সংস্থার ছকে তথ্য প্রদান করা হয়েছে। | আঞ্চলিক দপ্তরের জন্য নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | |
| | | সিলেট | মোট অর্জনের কলাম পুরণ করা হয়নি। বিভিন্ন সভার তারিখ মন্তব্যে কলামে উল্লেখ করা হয়নি। কর্মপরিকল্পনার সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। প্রমানকগুলো প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | ছক যথাযথভাবে পুরণ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং সর্বশেষ ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | চট্রগ্রাম | কর্মপরিকল্পনা মোতাবেক শুদ্ধাচার বিষয়ে অনলাইন/জুমে শিক্ষক/কর্মচারীদের প্রশিক্ষণের অবহিতকরণের ব্যবস্থা নেয়া যেতে পারে। অন্যান্য কার্যক্রম সম্পাদন করা হয়েছে। প্রমানকগুলো ৪র্থ ত্রৈমাসিকে প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং সর্বশেষ ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | ময়মনসিংহ | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |

২। বি-বি-ধ বিষয়ে বিভাগ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক নির্দিষ্ট তারিখের মধ্যে প্রেরণ করায় সভাপতি সকল বিভাগীয় উপপরিচালকগণকে ধন্যবাদ জানান। কর্মপরিকল্পনার অন্যান্য কার্যক্রমগুলো নির্ধারিত প্রমাপ অনুযায়ী সমাপ্ত করতে সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এস এম আনছারুজ্জামান
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.০৬.০০২.২২.২২

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯
১১ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ)।
২) মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩) অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) অফিস কপি।

মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)